৭

26 JUL 1994

তারিখ 26 JUL 1994
পৃষ্ঠা ? কলাম ৮

দৈনিক ইত্তেফাক

# শিক্ষাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হইয়াছে

**প্রধানমন্ত্রী**

বাসস ॥ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ক্যাম্পাসে শান্তি-পূর্ণ শিক্ষা পরিবেশ বজায় রাখার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করিয়া বলিয়াছেন, দেশের সার্বিক উন্নয়নের জন্য বর্তমান সরকার শিক্ষাকে সবচেয়ে বেশী অগ্রাধিকার দিয়াছেন এবং এই জন্য বাজেটে সর্বোচ্চ বরাদ্দ করা হইয়াছে।

গতকাল (সোমবার) প্রধান-মন্ত্রীর হেয়ার রোডস্থ অফিসে মৌলভীবাজার সরকারী কলেজ ও কুলাউড়া ডিগ্রী কলেজের ছাত্র সংসদের নবনির্বাচিত কর্মকর্তা ও সদস্যদের উদ্দেশে তিনি ভাষণ দিতেছিলেন।

অর্থমন্ত্রী এম. সাইফুর রহমান, আমানুল্লাহ আমান এমপি, ডাকসু জিএস খায়রুল কবির খোকন, ছাত্রদল সভাপতি ফজলুল হক

(৭ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রধানমন্ত্রী

(১ম পৃঃ পর)

মিলন ও নবনির্বাচিত ছাত্র সংসদ কর্মকর্তাগণ অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন। শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার এবং মৎস্য ও পশুপালনমন্ত্রী আবদুল্লাহ আল নোমান এই সময় উপস্থিত ছিলেন।

দেশের ব্যাপক অগ্রগতির লক্ষ্যে বর্তমান সরকার গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করিয়া প্রধানমন্ত্রী বলেন, আমরা ইতিমধ্যে শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে শিক্ষার সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ সৃষ্টি করিতে সক্ষম হইয়াছি। মানব সম্পদ উন্নয়নের জন্য ক্রম-বর্ধমান চাহিদা পূরণে ইতিমধ্যে নূতন এফিলিয়েটেড বিশ্ববিদ্যা-লয়, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বেসর-কারী বিশ্ববিদ্যালয় ও বেসরকারী মেডিক্যাল কলেজ স্থাপন করা হইয়াছে।

বেগম জিয়া অনার্স কোর্স খোলা, ছাত্রীদের আবাসিক হল ও একটি মিলনায়তন নির্মাণের দাবীসহ ছাত্র সংসদ কর্মকর্তাদের বিভিন্ন দাবী পূরণের আশ্বাস দেন।